গাংনীতে অগ্রনী ব্যাংকের এজেন্ট শাখার উদ্বোধন

গাংনী উপজেলার ধানখোলা বাজারে অগ্রনী ব্যাংকের “অগ্রনী এজেন্ট ব্যাংকিং” শাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১টার দিকে ধানখোলা বাজারে ব্যাংকিং শাখার কার্যালয় উদ্বোধন করা হয়।

ফিতা কেটে এজেন্ট ব্যাংকিং ধানখোলা শাখার উদ্বোধন করেন অগ্রনী ব্যাংকের সহকারি মহা-ব্যবস্থাপক রোকন উদ্দীন।

এসময় উপস্থিত ছিলেন, ব্যাংকের চুয়াডাঙ্গা শাখার সহকারি মহা- ব্যবস্থাপক ও শাখা প্রধান এমএইচ জগলুল পাশা, চুয়াডাঙ্গা শাখার প্রিন্সিপাল অফিসার এ এস এম এম কবীর, মেহেরপুর শাখা ব্যবস্থাপক আরিফ হোসেন।

পরে শাখা উদ্বোধন উপলক্ষে এলাকার সুধিদের নিয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

অগ্রনী ব্যাংকের গাংনী শাখার ব্যবস্থাপক সাহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, অগ্রনী ব্যাংকের কুষ্টিয়া দুয়ার ব্যাংকির এর বিজনেস ডেভেলপমেন্ট এক্সিকিউটিভ অরুন চক্রবর্তি, ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকনুজ্জামান, ধানখোলা বাজার কমিটির সভাপতি ফারুক হোসেন, শাহিনুজ্জান মাস্টার,স্থানীয় আওয়ামী লীগ নেতা আনিসুর রহমান, অগ্রনী ব্যাংকের ধানখোলা এজেন্ট শাখা (দুয়ার) এর পরিচালক আবু সাঈদ টোকন প্রমুখ।

ব্যাংকের মেহেরপুর শাখার প্রিন্সিপাল অফিসার রমেশ চন্দ্র সিকদার মতবিনিময় সভায় উপস্থাপনা করেন।

কালীগঞ্জ অগ্রনী ব্যাংকে ঋন জালিয়াতি মামলার দুই আসামী কারাগারে

ঝিনাইদহের কালীগঞ্জ অগ্রনী ব্যাংকে জাল কাগজপত্র তৈরি ও মৃত ব্যক্তিদের নামে ভুয়া ঋণ তুলে প্রায় দুই কোটি টাকা আত্মসাতের ঘটনায় সাময়িক বরখাস্তকৃত ব্যাংক কর্মকর্তা আব্দুস সালাম ও কর্মচারী আজির আলীকে কারাগারে পাঠিয়েছেন বিজ্ঞ আদালত।

গতকাল বৃহস্পতিবার ঝিনাইদহ চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের বিচারক মোঃ আল আমিন মাতুব্বর তাদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠান। আসামী আব্দুস সালাম ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার ভেড়াখালী গ্রামের আব্দুল গনি বিশ্বসের ছেলে। অন্যদিকে আজির আলী কালীগঞ্জ উপজেলার কাশিপুর গ্রামের আব্দুল বারিক মন্ডলের ছেলে।

ঝিনাইদহ চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতের পেশকার মানিরুল ইসলাম খবর নিশ্চিত করে জানান, আসামী আব্দুস সালাম ও আজির আলী সিআর ১৫৩/২২, ৩৬৮/২২ ও ৩৭৫/২২ মামলায় উচ্চ আদালত থেকে ৬ সপ্তার জামিনে ছিলেন।

গতকাল বৃহস্পতিবার আসামীদের জামিন মেয়াদ শেষ হলে তারা ঝিনাইদহ চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে হাজির হয়ে স্থায়ী জামিনের আবেদন করেন। বিজ্ঞ আদালতের বিচারক তাদের জামিন আবেদন বাতিল করে কারাগারে পাঠিয়ে দেন। জানা গেছে, অগ্রনী ব্যাংক কালীগঞ্জ শাখার ব্যবস্থাপক শৈলেন বিশ্বাস, ক্যাশ অফিসার আব্দুস সালাম ও মাঠ কর্মী আজির আলী গ্রাহকের নামে ভুয়া ঋন দেখিয়ে প্রায় দুই কোটি টাকা আত্মসাত করেন।

এ বিষয়ে ঝিনাইদহের কালীগঞ্জের মনোহরপুর গ্রামের ইন্তাজ আলী, একই উপজেলার পুকুরিয়া গ্রামের আইনুল ইসলাম ও বদর উদ্দীন আদালতে মামলা দায়ের করেন। ২০২০ সালে ২৯ সেপ্টেম্বর ঋণ জালিয়াতির দায়ে সাময়িক বরখাস্ত হন ব্যবস্থাপক শৈলেন বিশ্বাস ও ক্যাশ অফিসার আব্দুস সালাম। এছাড়া মাঠ কর্মী আজির আলীকে চাকরীচ্যুতি করা হয়।

এ বিষয়ে পত্রিকায় তথ্য ভিত্তিক সংবাদ প্রকাশিত হলে আব্দুস সালাম

ও আজির আলী বাদী হয়ে জেলার সাংবাদিকের বিরুদ্ধে আদালতে মানহানি মামলা করেন।